বিজেপির কর্মসমিতির বৈঠকে কংগ্রেসকে তীব্র আক্রমণ জাভড়েকরের

নয়াদিল্লি, ৯ সেপ্টেম্বর : রবিবার ছিল বিজেপির কর্মসমিতির বৈঠকের দ্বিতীয় দিন। এদিন বলার দায়িত্ব ছিল বিজেপির প্রথম সারির নেতা ও কেন্দ্রীয় মন্ত্রী প্রকাশ জাভড়েকরের। ভাষণ দিতে উঠে কার্যত তিনি তীব্র ভাষায় আক্রমণ করেন কংগ্রেসকে।

জাভরেকর দাবি করেন, কংগ্রেস হল এমন একটি দল যার না আছে অ্যাজেন্ডা, না আছে নীতি, না আছে রাজনৈতিক কৌশল। তিনি আরও অভিযোগ করেন, শতাব্দী প্রাচীন এই দল রাহুল গান্ধির নেতৃত্বে একটিমাত্র নীতিতেই বিশ্বাসী, সেই নীতিটি হল 'মোদী রোকো অভিযান'। দলের সভাপতি অমিত শাহের সুরে সুর মিলিয়ে জাভড়েকর আরও বলেন, যে যাই করুক, ২০১৯-এর সাধারণ নির্বাচনে বিজেপি ফের বৃহত্তম রাজনৈতিক দল হিসাবে গণ্য হবে।

রাজধানীতে ২ দিন ধরে চলছে বিজেপির কর্মসমিতির বৈঠক। শনিবার এই বৈঠক শুরু হয়। সেখানে প্রধান বক্তা ছিলেন দলের সভাপতি অমিত শাহ। শাহ তাঁর ভাষণে কার্যত স্বীকার করে নেন, মোদী ঝড় আর নেই। জনপত রোডের আম্বেদকর ভবনে জাতীয় কর্মসমিতির বৈঠকে শাহ ইঙ্গিতে বুঝিয়ে দেন, ২০১৪ সালে মোদীর হাওয়ায় ভর করে বিজেপি চোখধাঁধানো ফল করেছিল। এবারও সেরকমটি হবে ভাবার কারণ নেই। এজন্য তিনি সাংগঠনিক শক্তির উপর জোর দেন।

শনিবার কার্যত যে ভাষায় ভাষণ দিয়েছেন অমিত শাহ, রবিবার সেই সুরেই নিজের বক্তব্য রাখেন প্রকাশ জাভড়েকর। তবে শাহ'র থেকে অনেক বেশি আশাবাদী শুনিয়েছে এদিন তাঁর কণ্ঠস্বর। শাহ যেখানে মোদী ঝড় নেই বলে কিছুটা হতাশা প্রকাশ করেছেন, সেখানে জাভড়েকর বলেছেন, বিরোধী দলে কোনও অ্যাজেন্ডা, নীতি বা কৌশল নেই। তাদের একটিই কাজ, একটিই নীতি তা হল মোদী রোকো অভিযান।

জাভড়েকরের দাবি, দেশের মানুষ খুব ভাল করেই জানেন তাঁদের। কারণ এর আগে কংগ্রেসের একাধিক সরকার দেখেছেন তাঁরা। কংগ্রেসকে দেশের মানুষ আর ভোট দেবেন না, এই মন্তব্য করে জাভড়েকর দাবি করেন, ২০১৯ সালে আরও বেশি ভোটে জয়লাভ করবে তাঁর দল। শনিবার কর্মসমিতির বৈঠকে দলের জাতীয় সভাপতি শাহ বলেন, বিজেপি কাজ করছে ভারত গড়ার লক্ষ্যে। সেখানে কংগ্রেসের কাজ হল দেশকে ভেঙে টুকরো টুকরো করে দেওয়া। মোদী ঝড় গায়েব হয়েছে ইঙ্গিতে একথা বোঝালেও শাহ কিন্তু সরাসরি রীতিমতো আস্থা প্রকাশ করে জোরের সঙ্গে বলেছেন, ২০১৯-এ তাঁর দলই ক্ষমতায় ফিরতে চলেছে। আর ২০১৪ থেকেও সেই জয় হবে অনেক বড়। জাতীয় কর্মসমিতির বৈঠকে সারা দেশ থেকে বহু প্রবীণ নেতা যোগ দেন। দিল্লির আম্বেদকর ইন্টারন্যাশনাল সেন্টারে অনুষ্ঠিত এই বৈঠকের গুরুত্ব ছিল অপরিসীম। প্রথমত বৈঠকে ২০১৯-এ সাধারণ নির্বাচনে বিজেপির নীতি কী হবে, তা নিয়ে জানতে আগ্রহ ছিল অনেকেরই। শাহ সহ অনেক প্রবীণ নেতাই এ নিয়ে আলোকপাতও করেন। আরও একটি কারণে এই বৈঠক গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। সেটি হল বিধানসভাগুলির আসন্ন নির্বাচন। মধ্যপ্রদেশ, রাজস্থান এবং ছত্তিশগড়ে বছরের শেষেই নির্বাচন হতে চলেছে এবং এই তিনটি রাজ্যেই এখন কুর্সিতে বিজেপি।

যদিও রাজস্থান এবং মধ্যপ্রদেশে দলের হাল-হকিকত মোটেই আশানুরূপ নয়। এই রাজ্যগুলিতে কংগ্রেসও কোমর বেঁধে প্রস্তুতি নিচ্ছে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য। কংগ্রেস সভাপতি রাহুল গান্ধি এখন কৈলাস ও মানস সরোবর যাত্রায় গিয়েছেন। যদিও এ নিয়েও আতঙ্কিত বিজেপি। তাদের আশঙ্কা, এভাবে রাহুল বোধহয় হিন্দুত্বের ব্যাটনটিও কেড়ে নেবেন বিজেপির হাত থেকে।

কোল্লামে কনভেন্টে কূপের মধ্যে নানের মৃতদেহ

কোল্লাম, ৯ সেপ্টেম্বর : কেরলে কোল্লামের পাঠানপুরম শহরের একটি কনভেন্টে কূপ থেকে উদ্ধার করা হয়েছে ৫৫ বছর বয়সি এক নানের মৃতদেহ। সুসান নামে ওই ক্রিস্টান নান পাঠানপুরমের সেন্ট স্টিফেন্স স্কুলের শিক্ষকতার সঙ্গে যুক্ত ছিলেন। তিরুবনন্তপুরম থেকে ৮০ কিলোমিটার দূরে পাঠানপুরমের এই ঘটনায় বিস্মিত অনেকেই। কূপের কাছে মাউন্ট ট্যাবোর কনভেন্টে রবিবার সকালে কূপের কাছে কাজ করছিলেন শ্রমিকরা। সেই সময় তাদের নজরে আসে একটি রক্তের ধারা। তখন সকাল ৯টা। রক্তের ধারা অনুসরণ করে শ্রমিকরা দেখেন, নানের দেহটি কুয়োর মধ্যে জলে ভাসছে। কীভাবে এই ঘটনা ঘটল, তা নিয়ে অবশ্য পুলিশও কোনও মন্তব্য করেনি। কারণ, ওই কনভেন্ট স্কুলটির কর্তৃপক্ষ এই ঘটনায় এখনও পর্যন্ত কোনও মন্তব্য করতে চাননি। তাঁদের কাছ থেকে শুধু জানা গেছে, সুসান গত ১২ বছর ধরে ওই স্কুলে শিক্ষকতার কাজে যুক্ত ছিলেন। স্কুল এবং কনভেন্ট দু'টিই পরিচালিত হয় কোট্টায়ামের সদর মালাঙ্কারা সিরিয়ান অর্থোডক্স চার্চ থেকে। কিন্তু কী কারণে সুসানের মৃত্যু হয়েছে, তা এখনও পর্যন্ত অজ্ঞাত থাকায় রহস্য ক্রমশ বাড়ছে। কনভেন্ট কর্তৃপক্ষ পুলিশের কাছে এই ঘটনায় এফআইআর দায়ের করেছেন। প্রসঙ্গত, কেরলে সম্প্রতি ব্যাপক বন্যায় বহু মানুষের প্রাণহানি হয়। সেই সময় এই কনভেন্ট স্কুলে বানভাসি বহু মানুষকে আশ্রয় দেওয়া হয়েছিল। বানভাসি মানুষের ত্রাণের সঙ্গেও যুক্ত ছিলেন সুসান। তিনি কীভাবে কূপের মধ্যে পড়ে গেলেন, নাকি কেউ তাকে হত্যা করে সেখানে ফেলে দিয়েছে তা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

কেন তিনি হিন্দু, ওয়েব সিরিজে প্রকাশিত বইতে সেকথা জানাবেন থারুর

নয়াদিল্লি, ৯ সেপ্টেম্বর : 'আমি কেন হিন্দু', সেকথা বই লিখে জানালেন কংগ্রেসের প্রবীণ নেতা ও প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী শশী থারুর। জাতীয় পুরস্কারজয়ী প্রযোজক শীতল তলোয়ার এই বইটিকে ওয়েব সিরিজে আনবেন বলে জানা গেছে। কংগ্রেস সাংসদও সেরকমই জানিয়েছেন। থারুর শনিবার ট্যুইট করে জানান, তিনি তাঁর বই থেকে তিন মিনিট কিছু পড়ে শোনাবেন। এরপরই শোনা যায় তাঁর কণ্ঠস্বর, কেন তিনি হিন্দু হয়েছেন সেকথা ৩ মিনিট ধরে বর্ণনা করেন শশী থারুর।

থারুরের বইতে হিন্দু ধর্মের ইতিহাস এবং এর আকরে যাওয়া হয়েছে। হিন্দু ধর্মকে নিয়ে সম্প্রতি যেসব অপব্যাখ্যা করা হচ্ছে বা আগে করা হয়েছে এই বইতে সেইসঙ্গে হিন্দুত্বের সঙ্গে সম্পর্কিত আর্থ-সামাজিক ও সামাজিক এবং সাংস্কৃতিক উন্নয়নের কথাও এই বইতে তুলে ধরা হয়েছে।

বইটিতে হিন্দু জাতীয়তাবাদের সুখ্যাতি করে বলা হয়েছে, এই জাতীয়তাবাদের উত্থান হয় ভারতীয় সমাজেই। ধর্মের সঙ্গেও সম্পৃক্ত। এক বিবৃতিতে থারুর আরও বলেছেন, যে কোনও সময়ে বা যে কোনও যুগে এই বইটি চলচ্চিত্রে রূপায়িত করা যাবে। বর্তমান রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, পরিবেশ যা এই বইতে ব্যাখ্যা করা হয়েছে, তা থেকে হিন্দুত্বের সম্পর্কে প্রকৃত ধারণা গড়ে তোলা যায়। হিন্দুত্ব এমন একটি বিষয় যার মাধ্যমে বহু দর্শকের কাছেই পৌঁছনো সম্ভব বলে দাবি করেছেন রাষ্ট্রপুঞ্জে ভারতের প্রাক্তন স্থায়ী প্রতিনিধি শশী থারুর।

ট্যুইট করে থারুর আরও বলেছেন, তিনি খুশি যে, শীতল এবং তিনি একই সিস্টেমে বিশ্বাসী। প্রসঙ্গত, জাতীয় পুরস্কারজয়ী এই প্রযোজকই থারুরের বইটি ওয়েস্ট সিরিজে আনছেন। বইটি লেখার প্রায় ৭ বছর পরে সেটি ওয়েব সিরিজে আসছে। তলোয়ার নিজেই বলেছেন, যখন তাঁকে বইটি পড়ার জন্য দেওয়া হয়েছিল তখনই তিনি বিস্মিত হন।

তলোয়ার আরও বলেছেন, তিনি লজ্জিত যে এতদিন এই বইটি সামনে আনা হয়নি। ধর্ম এবং যুদ্ধ এই নিয়ে বছরের পর বছর তিনি ভেবেছেন। বিষয়টি নিয়ে তিনি অত্যন্ত আবেগপ্রবণও ছিলেন। শীতলের দাবি, তিনি খুশি যে এই বইটি শুধু ওয়েব সিরিজে দেওয়াই নয়, একইসঙ্গে এই সিরিজের ন্যারেটর হিসেবেও শশী অমূল্য সময়কে ব্যবহার করতে পারবেন। কারণ শশী ইতিমধ্যেই সেই অনুমতিও তাঁকে দিয়েছেন। এই ওয়েব সিরিজ বহু পরিচিত চিত্র পরিচালকের ছবিরই যে কোনও এপিসোডের হেডলাইন হতে পারবে। লেখাও হয়েছে বিভিন্ন ভারতীয় ভাষায়। ২০১৯-এর প্রথমার্ধেই বইটির ওয়েবসিরিজে প্রকাশিত হবে বলে আশাপ্রকাশ করেছেন শীতল তলোয়ার। শশী থারুর তাঁর বিভিন্ন লেখনী এবং ট্যুইটারে মন্তব্যের জন্য খ্যাতি অর্জন করেছেন। তাঁর ভাষা জানতে হলে ইংরেজি অভিযান নিয়ে বসতে হয় বলে অনেকেই মন্তব্য করেছেন।

হিন্দুত্ব নিয়ে ভারতে যখন নানা কারণে তীব্র আবেগ তৈরি হয়েছে, ঠিক তখনই থারুরের এই বই সাধারণ মানুষের মধ্যেও আগ্রহ তৈরি করবে বলেই মনে করা হচ্ছে। শশী থারুর হিন্দুত্ব নিয়ে বই লেখায় বিরোধী দলগুলিও সাগ্রহে তাকিয়ে রয়েছে সেদিকে। এখন দেখার, এই বই নিয়ে উগ্র হিন্দুত্ববাদীদের মন্তব্য কোন দিকে যায়।

পড়ুন
আর্থিক
লিপি

WESTERN CONGLOMERATE LIMITED
(Formerly known as The Dibrugarh Co. Ltd.)
Registered Office : 3A, Hare Street, Kolkata -700 001
CIN: L01132WB1927PLC005456

Notice is hereby given that the **ANNUAL GENERAL MEETING** of the Company will be held at its Registered Office at 'ASHOKA HOUSE', 3A, Hare Street, 3rd Floor, Kolkata – 700 001, on Saturday, the 29th day of September, 2018 at 10.00 A. M. to transact the business as mentioned in notice convening meeting.

In terms of Section 108 of the Companies Act, 2013 and the Rules made there under and pursuant to SEBI's (Listing Obligations & Disclosure Requirements) Regulation, 2015 and as per earlier Clause 35B of the Listing Agreement, the Company is providing electronic voting facility to its members for voting on all business as specified in the Notice of the meeting. Members of the Company whose name appears in the Register of Members/Depositories on Saturday, 22nd September, 2018 (Cut-off date) shall be entitled to cast their vote electronically.

Members are informed that:

(a) The electronic transmission of Notice of meeting and Annual Report for FY 2017-18 to members whose e-mail address are registered either with the Company/Depository Participant and physical dispatch of the above documents in the permitted mode to other members have completed on 05.09.2018.
(b) The e-voting shall start on 26th September, 2018 (09.00 A.M) and end on 28th September, 2018 (5.00 P.M)
(c) E-voting shall not be allowed beyond on 28th September, 2018 (5.00 P.M)
(d) Notice of the meeting is available on the website of CDSL at **www.cdslindia.com**
(e) For any queries pertaining to e-voting, members may write to **helpdesk.evoting@cdslindia.com.**

Pursuant to Section 91 of the Companies Act, 2013 and the Rules made there under and pursuant to SEBI's (Listing Obligations & Disclosure Requirements) Regulation, 2015 and as per earlier Clause 16 of the Listing Agreement, the Register of Members and Share Transfer Books of the Company will remain closed from Monday, the 24th September, 2018 to Saturday, the 29th September, 2018 (both days inclusive) for the purpose of the meeting.

By order of the Board
Sd/-
Kanishka Sethia
(Managing Director)

Place : Kolkata
Date : 31st May, 2018

ডিম্বাশয়ের ক্যানসার ও হোমিওপ্যাথি

ডাঃঅশোক কুমার প্রধান

এম. ডি. (হোম), বি.এইচ.এম.এস., ডি.এম.এস
সভাপতি, ইন্‌স্টিটিউট অফ হাইড রিসার্চ অ্যান্ড এডুকেশন

স্তন, বৃহদন্ত্র ও ফুসফুস ক্যান্সারের পরবর্তী ক্যান্সার হল ডিম্বাশয়ের ক্যান্সার। স্তন ক্যান্সার চিকিৎসার পর দ্বিতীয় অবস্থায় ডিম্বাশয়ে ক্যান্সার ছড়িয়ে পড়ে। এই ক্যান্সারের পরিণতি খুবই খারাপ, কারণ খুব দ্রুত ছড়ায়। ডিম্বাশয়ের ক্যান্সার প্রধানতঃ তিন প্রকার হয়। ক) প্রাথমিক এপিথেলিয়াল টিউমার প্রায় নব্বই শতাংশ হয়। সেরাস সিস্টোএডেনোকারসিনোমা, মিউসিনাস সিস্টো এডেনোকারসিনোমা এবং এন্ডোমেট্রিওইড এবং মেসোনেফ্রিক (ক্লিয়ার সেল) ক্যান্সার প্রধানত দেখা যায়। খ) জার্ম সেল টিউমার যার মধ্যে এন্ডোডারম্যাল সাইনাস ক্যান্সার, এমগ্রায়োনাল কারসিনোমা (একটি বিবরল ক্যান্সার যা শুধু ছোটো মেয়েদের দেখা যায়), ইমমেচিওর টেরাটোমা এবং ডিসজারসিনোমা প্রধান। গ) সেক্স কর্ড স্ট্রোমাল) টিউমার যেমন গ্রানুলোসা সেল টিউমার (যা ইস্ট্রোজেন তৈরি করে এবং স্ত্রী জাতীয় প্রতিক্রিয়া সৃষ্টি করে), যেকোমা এবং এরহেনোব্লাসটোমা (যা এনড্রোজেন তৈরি করে এবং পুরুষোচিত প্রতিক্রিয়া সৃষ্টি করে) প্রধান।

নিম্নে আমার চিকিৎসিত "প্যাপিলারী সেরাস সিস্ট অ্যাডিনোকারসিনোমা"-এ আক্রান্ত একজন রোগীর চিকিৎসা বিবরণী পাঠকবর্গের জ্ঞাতার্থে পরিবেশিত হল।

নামঃ মিসেস্ এ. সরকার, ক্রমিক সংখ্যা ঃ সিএ/এস/১৩/০৩, ঠিকানা ঃ ইন্দ্রাণী পার্ক, কলকাতা-৩৩, বয়স ঃ ৫৬ বছর, স্ত্রী, হিন্দু।

প্রথম দেখার দিন ঃ০৬/০৫/০৩

বর্তমান কষ্ট ঃ পেটে ব্যথা ও যন্ত্রণা তৎসহ প্রায় ৬ মাস যাবৎ পেট ফোলা। বমি, গা-বমি ভাব, ক্ষুধামান্দ্য। **বর্তমান রোগের সূত্রপাত ঃ** প্রায় ৬ মাস যাবৎ পেট ফোলা তার সঙ্গে পেটে ব্যথা ও যন্ত্রণা।

অতীত রোগের চিকিৎসার বিবরণ ঃ আনুসাঙ্গিক চিকিৎসা। **অতীত রোগের ইতিহাস ঃ** বাত-৪৬ বছর বয়সে, মধুমেহ রোগ-৪০ বছর বয়সে। **বংশ ইতিহাস ঃ** বাবা-মধুমেহ রোগ, উন্মাদ, মা-মধুমেহ রোহ, অম্বল। **প্রতিষেধক ঃ** টীকা ও বিসিজি-শৈশবে, এ.টি.এস-৩-৪টি টেট্‌ভ্যাক ইনজেক্‌শন দেওয়া হয়েছে। **ব্যক্তিগত ইতিহাস ঃ** আহার, নিদ্রা ও বিশ্রামে কোনও অনিয়ম নেই।

শারীরবৃত্তিক ক্রিয়াকলাপ সমূহ ঃ ক্ষুধা কম, **বিশেষ পছন্দ ঃ** মাছ, মাংস, ভাত, মিষ্টি ও গরম পানীয়। **বিশেষ অপছন্দ ঃ** নির্দিষ্টি কিছু নেই।

কোন্ কোন্ খাবার খেলে ক্ষতি হয় ঃ নির্দিষ্টি কিছু নেই। **পিপাসা ঃ**-কম, **প্রস্রাব ঃ** স্বাভাবিক, **মলত্যাগ ঃ** স্বাভাবিক, **ঘর্মঃ** কোনো উল্লেখযোগ্য বৈশিষ্ট্য নেই। **ঘুম ঃ** স্বাভাবিক, **স্বপ্ন ঃ** নির্দিষ্টি কিছু নেই। **চর্মঃ** কালো, **শারীরিক গঠন ঃ** মাঝারি, **স্বভাব ঃ** চটপটে।

আবহাওয়া ও ঋতু সংক্রান্ত পছন্দ-অপছন্দ ঃ রোগী শীতকাতর। **মাসিক ঋতু সংক্রান্ত তথ্যাবলী ঃ** শুরু-১৪ বছর বয়সে। বন্ধ-৪২ বছর বয়সে। **গর্ভ সংক্রান্ত তথ্যাদি ঃ** সন্তান-২টি। **গর্ভপাতের ইতিহাস ঃ নেই। মানসিক অবস্থা ও লক্ষণাদি ঃ** রোগী শান্ত, অন্যমনস্কভাবে দীর্ঘনিশ্বাস ফেলে, পরিষ্কার পরিচ্ছন্ন থাকতে চায়, সামান্য কারণে ক্রন্দনের ইচ্ছা, তীক্ষ্ণ স্মৃতিশক্তি। **সামগ্রিক লক্ষণ ঃ** ১) পেটে ব্যথা ও যন্ত্রণা, ২) ক্ষুধামান্দ্য, ৩) পেটে ফোলাভাব।

ডাক্তারী পরীক্ষা ঃ নাড়ীর গতি ঃ ৭৫ / মিনিট। **রক্তচাপ ঃ** ১৪৫/৯০ এম. এম. অফ্ এইচ জি। **বক্ষ ঃ** স্বাভাবিক, **হৃদযন্ত্র ঃ** স্বাভাবিক, **যকৃৎ ঃ** স্বাভাবিক, **প্লীহা ঃ** স্বাভাবিক, **বৃক্কঃ** স্বাভাবিক, **উদর ঃ** ব্যথা, **মূত্রথলি ঃ** স্বাভাবিক, **ডিম্বাশয় ঃ** ব্যথা, **জরায়ু ঃ** ব্যথা, **জন্ডিস ঃ** অনুপস্থিত, **রক্তাল্পতা ঃ** উপস্থিত, **সায়ানোসিস ঃ** অনুপস্থিত, **ক্লাবিং ঃ** অনুপস্থিত, **ঝাঁকুনি ঃ** স্বাভাবিক।

বিশেষ পরীক্ষা ঃ হিস্টোপ্যাথলজি অফ এন্ডোমেট্রিয়াম ঃ তারিখ ঃ ১৭/০৪/০৩। ইকো প্যাথলজি সেন্টারের ডাঃ এস মণ্ডলের রিপোর্ট অনুযায়ী **"প্যাপিলারী সেরাস সিস্ট অ্যাডিনোকারসিনোমা"**। সংশ্লিষ্ট নং—এল ৮৭৫

পেটের আলট্রাসোনোগ্রাফি- তারিখ ঃ ২০/০২/০৪-ইমাজিং ইনস্টিটিউটের ডাঃ এস কে শর্মা ও ডাঃ জি ঘোষ-এর রিপোর্ট অনুযায়ী **"হেটারোজেনাস লিভার প্যারেনকাইমা"**

বুকের এক্স-রে ঃ তারিখ-২০/০২/০৪—"সারভাইক্যাল স্পাইন রিভিল লাইপিন ফ্রম মাল্টিপল্ ভার্টিব্রাল মার্জিন, স্পন্ডেলাইটিস।

রক্ত পরীক্ষা ঃ হিমোগ্রাম ঃ তারিখ ঃ ২০/০২/০৪ হিমোগ্লোবিন-১০.৭, শ্বেতকণিকা-১২৬০০/কিউ. এম. এম.। ডিফারেন্সিয়াল কাউন্ট ঃ নিউট্রো-৭১, লিম্ফো-২৬, মোনো-০১, ইউসিনো-০২, বেসো-০০।

মিস্‌লেনিয়াস পরীক্ষা ঃ গ্লুকোজ (এফ্) - ১৫৮এমজি/ডিএল গ্লুকোজ(পি.পি)-১৯৯ এম.জি/ডিএল, গ্লুকোজ (র‍্যান.)-২০৮এম.জি/ডিএল, ইউরিয়া-২৩ এম.জি/ডি.এল, ক্রিয়েটিনিন-০.১ এম.জি/ডি.এল।

হোমিওপ্যাথি চিকিৎসাঃ

০৬/০৫/০৩	প্রথম ব্যবস্থাপত্র	মেডো.১০এম/২
০৬/০৬/০৩	ডিম্বাশয়ের ক্যান্সার, বমন, গা-বমি, মাথাঘোরা, দুর্বলতা।	রুব্রাম ১এম/১/১০
১৭/০৭/০৩	মাঝেমধ্যে পেটে ব্যথা, ঠোঁটে ও মলদ্বারে আবরণীকলার স্ফীতি।	কন্দুর.৩০/১/১০
০৮/০৬/০৩	জিভ সাদা তাতে দাঁতের ছোপ, দুপাশের স্তনে ব্যথা।	অরাম.মিউর.১০এম/২
০৪/০৯/০৩	গলায় ব্যথা, পেটের ডানদিকে সূঁচফোটানো ব্যথা।	অরাম.মিউর.১০এম/২
২৮/১০/০৩	অম্বল, বদহজম।	লাইকো.১এম/২
২৫/১১/০৩	ডিম্বাশয়ের ক্যান্সার, সমস্ত শরীরে কাঁপুনি, নিদ্রাহীনতা, ক্ষুধামান্দ্য।	মেডো. ১এম/২
২২/১২/০৩	নিদ্রাহীনতা, ক্ষুধামান্দ্য, মলদ্বারে চুলকানি, ডিম্বাশয়ের ক্যান্সার।	মেডো. ১এম/২
১০/০২/০৪	বুকধড়ফড়, শ্বাসকষ্ট, পেটে ব্যথা ও যন্ত্রণা, ডিম্বাশয়ের ক্যান্সার।	ক্যাল্ক.আর্স ১এম/৫
১৯/০৩/০৪	ক্ষুধামান্দ্য, পেটে ব্যথা।	থুজা ১এম/২
৩০/০৪/০৪	পেটে ব্যথা, বিকালে বৃদ্ধি, দুর্বলতা, ক্ষুধামান্দ্য, অম্বল, গ্যাস।	থুজা ১০এম/২
০৩/০৬/০৪	পেটে ব্যথা, শ্বাসকষ্ট।	থুজা ১০এম/২
২৪/০৮/০৪	মাথা ঘোরা, দুর্বলতা, যোনিদ্বারে প্রচণ্ড চুলকানি, পেটে ব্যথা।	মেডো.১০এম/২
২১/১২/০৪	মাথা ব্যথা, দুর্বলতা।	ফস্.১এম/২
০১/০২/০৫	মাথা ঘোরা, দুর্বলতা, যোনিদ্বারে চুলকানি, ক্ষুধামান্দ্য।	মেডো.১এম/২
১৬/০২/০৫	দুর্বলতা, যোনিদ্বারে চুলকানি, মাঝেমধ্যে মাথাব্যথা।	মেডো.১০এম/২
১৯/০৪/০৫	ডিম্বাশয়ের ক্যানসার, প্রদরস্রাব, রোগী তুলনামূলকভাবে একটু ভালো।	মেডো.১০এম/২
০৭/০৬/০৫	পেটে ব্যথা বিকালে বৃদ্ধি, মাথা ঘোরা, রোগী শীতার্ত।	থুজা ১ এম/৫
১০/০৮/০৫	তলপেটে ব্যথা ও যন্ত্রণা, রোগী তুলনামূলকভাবে একটু ভালো।	থুজা ১০ এম/২
০৫/১০/০৫	ক্ষুধামান্দ্য, মাথা ঘোরা, দুর্বলতা, ডিম্বাশয়ে ক্যান্সার।	এস.এল.১০এম/২
১৮/১১/০৫	যোনিদ্বারে অসহ্য চুলকানি, প্রদরস্রাব, দুর্বলতা ও কাঁপুনি।	সাইলেসিয়া ১০এম/২
২১/১২/০৫	বমি, মাথার যন্ত্রণা, গ্যাস, হাত ও পায়ে অসাড় ভাব।	ক্যাল্ক.ফস.১এম/১/১০
১৬/০১/০৬	যোনিদ্বারে অসহ্য চুলকানি, দুর্বলতা, বুক ধড়ফড় করা ও কাঁপুনি।	কোন.ম্যাক.১এম/১/১০
২৭/০২/০৬	কান থেকে রস বেরোয় এবং শ্রবণশক্তি কম।	কোন.ম্যাক.১এম/১/১০
০৪/০৫/০৬	প্রচণ্ড মাথা যন্ত্রণা, সঙ্গে দুর্বলতা, মাঝেমধ্যে পেটে ব্যথা।	ন্যাট. মিউর ৩০/১/১০
০১/০৬/০৬	সর্দি-কাশি, হাঁচি, মাথা যন্ত্রণা, দুর্বলতা।	ন্যাট. মিউর ৩০/১/১০
১১/০৮/০৬	মাথা ঘোরা, মাথা যন্ত্রণা, দুর্বলতা, লবণ খাওয়ার প্রবণতা।	ন্যাট. মিউর ১এম/১/১০
১৮/১০/০৬	যোনিদ্বারে অসহ্য চুলকানি, ক্ষুধা মান্দ্য, দুর্বলতা, নিদ্রাহীনতা।	মেডো ১০এম/৫
০৯/১১/০৬	সর্দি-কাশি, হাঁচি, কোমরে ব্যথা, জ্বর জ্বর ভাব।	রাস.টক্স.১এম/২
২৯/১১/০৬	সর্দি-কাশি, হাঁচি, পেটে ব্যথা, তৎসহ ডিম্বাশয়ের ক্যান্সার।	রুব্রাম ১এম/২
১১/০১/০৭	শরীরের ওপরের অংশে গরমবোধ, ডায়াবেটিস বৃদ্ধি।	সিজিজিয়াম ৩০/১/১০
২১/০২/০৭	পিঠে ব্যথা, বমি, নিদ্রাহীনতা, ক্ষুধা মান্দ্য, পেটে ব্যথা।	ক্যালমিয়া. ১এম/৫
২৮/০৩/০৭	হাত-পায়ে যন্ত্রণা।	রাস.টক্স.১এম/২
১৬/০৫/০৭	প্রচণ্ড শ্বাসকষ্ট, মাথা ঘোরা, নিদ্রাহীনতা, দুর্বলতা।	ক্রাটিগাস ৩০/১/১০
২৮/০৬/০৭	শ্বাসকষ্ট, নিদ্রাহীনতা, দুর্বলতা, বদহজম, মাথা যন্ত্রণা।	ক্রাটিগাস ৩০/১/১০
১৪/০৮/০৭	প্রচণ্ড মাথাযন্ত্রণা, দুর্বলতা, ডিম্বাশয়ের ক্যান্সার, শ্বাসকষ্ট।	ক্রাটিগাস ২০০/১/১০
০২/১১/০৭	হাত ও পায়ে যন্ত্রণা ও অসাড় ভাব, দুর্গন্ধযুক্ত প্রদরস্রাব।	সিফিলিনাম ১এম/৫
২৪/১২/০৭	হাত ও পায়ে যন্ত্রণা, প্রদরস্রাব, পায়ের চেটোয় জ্বালা।	ন্যাট. সাল্ফ.১এম/১/১০
২৬/০২/০৮	হাত ও পায়ে যন্ত্রণা, ক্ষুধা মান্দ্য, মুখে তেতো ভাব।	রাস. টক্স.১এম/৫
২৫/০৪/০৮	মলদ্বারে চুলকানি।	ক্যাল্ক. ফ্লোর.১এম/৫
২৭/০৬/০৮	মলদ্বারে চুলকানি, দুর্বলতা, বুক ধড়ফড় করা।	কোন.ম্যাক. ১এম/৫
০৪/০৮/০৮	যোনিদ্বারে চুলকানি, পায়ে যন্ত্রণা, সারা শরীরে যন্ত্রণা।	ক্যালি.বাই ২০০/১/১০
১২/০৯/০৮	বমি, পেটের উপরিভাগে ব্যথা, মলদ্বারে যন্ত্রণা।	ব্যারাইটা মিউর ১০এম/৫
২৭/১১/০৮	সর্বদা প্রস্রাবের বেগ, দুর্বলতা, ক্ষুধা মান্দ্য, অনিদ্রা।	রুটা.২০০/১০এম/৫
০৫/০২/০৯	বমি, গা-বমি ভাব, মাথা ঘোরা, মাঝেমধ্যে পেটে ব্যথা।	ব্যারাইটা মিউর ১০এম/৫
১০/০৩/০৯	পেটে ব্যথা, ঢেঁকুর ওঠা, দুর্গন্ধযুক্ত পাতলা স্রাব, দুর্বলতা।	মেডো.১০এম/৫
১৩/০৪/০৯	যোনিদ্বারে চুলকানি, সাদা স্রাব, ক্ষুধা মান্দ্য, দুর্বলতা।	মেডো.১০এম/৫
১৯/০৫/০৯	ভঙ্গুর নখ, বিকেলে পেটে ব্যথা, যোনিদ্বার শুকনো।	থুজা ১০এম/৫
০১/০৭/০৯	মুখ দিয়ে লালা পড়ে, ঢেঁকুর ওঠে, দুর্গন্ধযুক্ত সাদাস্রাব, দুর্বলতা।	ক্যাল্ক. আর্স ১এম/৫
১৬/০৯/০৯	মাথা জ্বালা, বুক ধড়ফড় করা, পায়ের চেটোয় জ্বালা।	লাইকো. ১০এম/৫
০৪/১১/০৯	মাথা ঘোরা, দুর্বলতা, পেটে ব্যথা, ক্ষুধা মান্দ্য, ডিম্বাশয়ে ক্যানসার।	লাইকো. ১০এম/৫
০১/০১/১০	মাঝেমধ্যে সাদাস্রাব, বুক ধড়ফড় করা, মলদ্বারে চুলকানি।	মেডো.১০এম/২
০৮/০২/১০	দুপায়ের চেটোয় এবং বাঁ হাতের বুড়ো আঙুলে ব্যথা।	ল্যাক.১০এম/৫
৩১/০৩/১০	পায়ে যন্ত্রণা।	ন্যাট.মিউর ১০এম/২
৩১/০৫/১০	দুপায়ের চেটোয় এবং পেটে ব্যথা, বিকালে বৃদ্ধি।	থুজা ১০এম/৫
১৩/০৭/১০	দুপায়ের চেটোয় ব্যথা এবং ক্রমশ কালো হয়ে যাচ্ছে।	ল্যাক.১এম/৫
০৪/১০/১০	দুপায়ের চেটোয় ও পেটে যন্ত্রণা, অম্বল গ্যাস, বদহজম।	ল্যাক.১০এম/৫
২২/১১/১০	ডিম্বাশয়ের ক্যান্সার, রোগী তুলনামূলকভাবে ভাল।	ফস.১০এম/২
০১/০২/১১	ডিম্বাশয়ের ক্যান্সার, রোগী তুলনামূলকভাবে ভাল।	হাইড্রাস্ট.১এম/১/১০
০১/০৩/১১	ক্ষুধামান্দ্য।	অ্যাসিড ফস ২০০/১/১০
০৪/০৪/১১	ডায়াবেটিস, প্রচণ্ড দুর্বলতা, ক্ষুধামান্দ্য, মাথা ঘোরা।	সিজিজিয়াম ২০০/১/১০
১৬/০৫/১১	অম্বল, গা-বমি, মাথা ঘোরা, মাথা যন্ত্রণা।	ক্যালি কার্ব ১০ এম/৫
১৬/০৬/১১	পেটে জ্বালা, পায়ে ব্যথা, ডিম্বাশয়ে ক্যান্সার।	অ্যাসিড ফস.১এম/১/১০
২২/০৭/১১	জ্বর-জ্বর ভাব, সর্দি-কাশি, পায়ে ব্যথা, ডিম্বাশয়ে ক্যান্সার।	ক্যালি বাই-১এম/১/১০
০৮/০৯/১১	অম্বল, দুর্বলতা।	সালফ.১০এম/৫
২৫/১১/১১	অম্বল, বদহজম, গ্যাস, পায়ে ও কোমরে ব্যথা।	অ্যাসিড বেঞ্জ ১এম/১/১০
২৯/১২/১১	হাঁটুতে ব্যথা।	কস্টিকাম ১এম/১/১০
০৯/০২/১২	অম্বল, বদহজম, গ্যাস, সারা শরীরে ব্যথা, মাথা ঘোরা।	অ্যাসিড ফস ১ এম/১/১০
২৪/০৫/১২	ক্ষুধামান্দ্য, শ্বাসকষ্ট, প্রচণ্ড দুর্বলতা, ডিম্বাশয়ের ক্যান্সার।	কুপ্রাম.আর্স ১ এম/১/১০
২৬/০৬/১২	পেটে ও হাঁটুতে ব্যথা, মাথা ঘোরা, অম্বল, বদহজম।	লাইকো.১০এম/৫
০২/০৮/১২	মুখ দিয়ে লালা পড়ে, ঢেঁকুর ওঠে, দুর্গন্ধযুক্ত সাদাস্রাব।	সালফ.১০এম/৫
০৬/০৯/১২	ডিম্বাশয়ে ক্যান্সার, রোগী বর্তমানে ভাল আছে।	এস.এল.১এম/৫
১১/০৪/১৩	অম্বল, গ্যাস, বদহজম, টক ঢেঁকুর	হাইড্রাস্ট. ১এম/১/১০
২৫/০৬/১৩	ডিম্বাশয়ে ক্যান্সার, রোগী বর্তমানে ভাল আছে।	হাইড্রাস্ট. ১এম/১/১০
২৩/০৮/১৩	পেটে ব্যথা, দুর্গন্ধযুক্ত সাদাস্রাব।	মেডো.১০এম/৫
১৫/০৫/১৪	ডিম্বাশয়ে ক্যান্সার, মাথায় প্রচণ্ড ব্যথা, বদহজম।	ন্যাট.মিউর ১এম/১/১০
০৮/০৭/১৪	প্রচণ্ড দুর্বলতা।	মেডো.১এম/১/১০
২৯/১০/১৪	ডিম্বাশয়ে ক্যান্সার, রোগী বর্তমানে ভাল আছে।	মেডো.১এম/১/১০
৩১/০৩/১৫	মাথার যন্ত্রণা, সর্দি, কাশি।	ফসফরাস.১এম/১/১০
২৫/০৬/১৫	রোগী বর্তমানে ভাল আছেন, মাঝে মাঝে গ্যাস অম্বল হয়।	অ্যাসিড.ফস.১এম/১/১০
২৪/০৯/১৫	মাঝে মাঝে সাদাস্রাব হয়।	সাইলেসিয়া.১এম/১/১০
১৩/০১/১৬	রোগী বর্তমানে ভাল আছে।	মেডো.১এম/১/১০

রোগী বর্তমানে ভাল আছে এবং সুস্থ জীবন যাপন করছে।

যোগাযোগ ঃ—
৪৮৭, রবীন্দ্র সরণী, কলকাতা-৭০০০০৫,
ফোন ঃ (০৩৩) ২৫৫৪-১৭২৯
Email:hydtindia487@gmail.com,
Website : www.hydtindia.org